

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর ০৬/১০/২০১৫ইং/১৭৬৫

তারিখ ২৮/১/১৬

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
হাজী মুহাম্মদ জয়নাল আবেদীন কর্মাস কলেজ
ডাক: কালিতলা, উপজেলা: বগুড়া সদর, জেলা: বগুড়া

বিষয় : ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার কলেজটি পাঠদানের প্রাথমিক অনুমতি পেয়েছে গত ০৬/১০/২০১৫ইং তারিখে। প্রবিধানমালা-২০০৯ এর ৪৮ ধারা মোতাবেক পাঠদানের প্রাথমিক অনুমতি প্রাপ্তির সঙ্গে সঙ্গেই ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট নির্বাহী কমিটি গঠনের প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হয়। কিন্তু প্রতিষ্ঠানটিতে অদ্যাবধি বোর্ড কর্তৃক অনুমোদিত কোন কমিটি নেই। কমিটিবিহীন অবস্থায় প্রতিষ্ঠানটি কিভাবে পরিচালিত হচ্ছে সেটি বোধগম্য নয়। এমতাবস্থায়, প্রতিষ্ঠানটির পাঠদানের প্রাথমিক অনুমতি কেন প্রত্যাহার করা হবেনা তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট নিজে উপস্থিত হয়ে দাখিল করার জন্য আপনাকে নির্দেশ দেয়া হ'ল। অন্যথায়, আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী